দৈনিক জনকণ্ঠ

তারিখ 09 DEC 1997

পৃষ্ঠা ১৫ কলাম ২

48

# রাষ্ট্রপতির কাছে জাতীয় শিক্ষা নীতি কমিটির রিপোর্ট পেশ

জাতীয় শিক্ষা নীতি প্রণয়ন কমিটি, ১৯৯৭-এর চেয়ারম্যান প্রফেসর এম শামসুল হক সোমবার বঙ্গভবনে রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদের কাছে কমিটির রিপোর্ট পেশ করেছেন। খবর বাসস'র।

তিনি রাষ্ট্রপতিকে রিপোর্টটি তৈরির পটভূমিকা অবহিত করে বলেন, এটি ইতোমধ্যে সরকারের কাছেও পেশ করা হয়েছে।

কমিটির চেয়ারম্যান সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা প্রফেসর শামসুল হক আরও বলেন, ৫৬ সদস্য ও ১৯টি সাব-কমিটি নিয়ে গঠিত প্রণয়ন কমিটি সমাজের বিভিন্ন স্তরের লোকজনের মতামত নিয়েছে এবং তাদের মতামত যথাযথভাবে বিবেচনা করা হয়েছে।